"বিসমিল্লাহির রাহমানির রাহিম"

# উপজেলা মিডিয়া এন্ড আইটি সেন্টার- এর নীতিমালা ২০২৪ (খসড়া)

**ধারা নং: ১(এক)** ঃ **১.১। প্রতিষ্ঠানের নামঃ-**

"উপজেলা মিডিয়া এন্ড আইটি সেন্টার"।

**১.২। প্রতিষ্ঠানের ধরণঃ-**

উপজেলা প্রশাসনের একটি উদ্ভাবনী প্রতিষ্ঠান।

**১.৩। প্রতিষ্ঠার তারিখ ও সনঃ-**

২২ আগস্ট ২০২৪ খ্রি: ।

**১.৪। স্লোগানঃ-**

"দক্ষ কালিহাতি","বেকারমুক্ত কালিহাতি"।

**ধারা নং: ২(দুই)** ঃ **২.১। বাস্তবায়নকারী প্রতিষ্ঠানঃ-**

উপজেলা প্রশাসন, কালিহাতি, টাঙ্গাইল ।

**২.২। ঠিকানাঃ-**

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কালিহাতি, টাঙ্গাইল ।

**ধারা নং: ৩(তিন)** ঃ **কার্য এলাকাঃ-**

সমগ্র কালিহাতি উপজেলা ব্যাপি । প্রয়োজনে প্রতিষ্ঠানের কার্যলাকা সম্প্রসারণ করা যাবে ।

**ধারা নং: ৪(চার)** ঃ **কার্য বর্ষঃ-**

১লা জুলাই হতে ৩০শে জুন অর্থবছর পর্যন্ত ।

**ধারা নং: ৫(পাঁচ)** ঃ **প্রতিষ্ঠানের সংক্ষিপ্ত বর্ণনাঃ-**

"দক্ষ কালিহাতি","বেকারমুক্ত কালিহাতি" এই স্লোগানকে সামনে রেখে চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় দক্ষতা সম্পন্ন বাংলাদেশ বিনির্মাণে প্রাথমিক ভাবে কালিহাতি উপজেলার প্রান্তিক জনগোষ্ঠীকে স্মার্ট এবং দক্ষ নাগরিক হিসেবে গড়ে তোলার প্রত্যয়ে আই.সি.টি বিষয়ক স্কিল ডেভেলপমেন্ট প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ ফ্রিল্যান্সার হিসেবে গড়ে তোলা একটি ক্ষেত্র আইটি সেন্টার এবং উপজেলা মিডিয়ার মাধ্যমে উপজেলায় বাস্তবায়িত সকল উন্নয়নমূলক কার্যক্রম, ইতিহাস, ঐতিহ্য ও তথ্যবহুল ভিডিও ডকুমেন্টারি নির্মাণ ও সোশ্যাল মিডিয়ায় প্রচারণার মাধ্যমে জনসচেতনতা সৃষ্টি এবং বর্তমান উন্নয়ন ও সমাজ ব্যবস্থাপনার বিষয়ে ভবিষ্যৎ প্রজন্মের কাছে তুলে ধরার একটি ক্ষেত্র প্রস্তুত করা ।

১৪.০৯.২০২৪

সদস্য সচিব
উপজেলা মিডিয়া এন্ড আইটি সেন্টার
কালিহাতি, টাঙ্গাইল।

সভাপতি
উপজেলা মিডিয়া এন্ড আইটি সেন্টার
কালিহাতি, টাঙ্গাইল।

**৫.১।লক্ষ্য-**

৫.১.১। কার্যদক্ষতা অর্জনের মাধ্যমে বেকার মুক্ত কালিহাতি গঠন করা ।

৫.১.২। তথ্যবহুল্য ভিডিও ডকুমেন্টারি নির্মাণের মাধ্যমে ভবিষ্যৎ প্রজন্মের জন্য ইতিহাস তৈরি করা ।

**৫.২। উদ্দেশ্য-**

৫.২.১। বেকারমুক্ত কালিহাতি গড়ে তোলাই উপজেলা মিডিয়া এন্ড আইটি সেন্টারের মূল উদ্দেশ্য ।

৫.২.২। উপজেলার আওতাধীন শিক্ষিত বেকার নর-নারীদের কর্মসংস্থান সৃষ্টি করা ।

৫.২.৩। উপজেলা মিডিয়ার মাধম্যে উপজেলার আওতাধীন সকল উন্নয়নমূলক কার্যক্রমের ভিডিও চিত্র ধারণের মাধ্যমে সরকারি-বেসরকারী এবং সার্বিক উন্নয়নমূলক কার্যক্রমের তথ্যচিত্র, প্রচারণাসহ জনসচেতনতা সৃষ্টি করা ।

৫.২.৪। উপজেলার ইতিহাস ও ঐতিহ্যের তথ্যচিত্র তুলে ধরা ।

৫.২.৫। শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মধ্যে জ্ঞান প্রতিযোগিতা ও শিক্ষামূলক প্রোগ্রাম আয়োজন এবং শিক্ষা প্রতিষ্ঠানের ইতিহাস ঐতিহ্য সম্পর্কিত প্রামাণ্য চিত্র নির্মাণ ও প্রকাশ করা ।

৫.২.৬। মুক্তিযুদ্ধ বিষয়ক প্রোগ্রাম আয়োজন করা এবং গ্রামীণ পর্যায়ে মুক্তিযোদ্ধাদের কৃতিত্ব তুলে ধরা।

৫.২.৭। সামাজিক উন্নয়নমূলক কার্যক্রমে নিঃস্বার্থে বিশেষ অবদান রাখা গুণী মানুষদের খুঁজে বের করা ।

৫.২.৮। সাইবার ক্রাইম, দুর্নীতি, মাদক, জঙ্গিবাদ, যৌতুক, বাল্যবিবাহ ইত্যাদি সামাজিক ব্যাধি বিষয়ে সচেতনতামূলক প্রোগ্রাম তৈরি ।

৫.২.৯। জাতীয় দিবস পালনের তথ্যচিত্র ধারণ করা ।

৫.২.১০। সরকারি দপ্তরের বিভিন্ন সেবার সমূহের বিষয়ে তথ্যচিত্র প্রস্তুত করা মাধ্যমে জনসচেতনতা সৃষ্টি করা।

৫.২.১১। বৃক্ষরোপণ সহ সামাজিক শিক্ষামূলক ভিডিও চিত্র প্রস্তুত ও প্রচারণার মাধ্যমে জনসচেতনতা সৃষ্টি করা।

৫.২.১২। অতি দরিদ্র পরিবারকে চিকিৎসা খাতে সহায়তা প্রদন করা

৫.২.১৩। আইটি সেন্টারের প্রধান উদ্দেশ্য উপজেলা মিডিয়ার দক্ষ জনবল ও যন্ত্রাংশ দ্বারা আইসিটি কেন্দ্রিক স্কিল ডেভেলপমেন্ট বিষয়ক কম্পিউটার প্রশিক্ষণ আয়োজনের মাধ্যমে দক্ষ জনবল সৃষ্টি করা ।

৫.২.১৪। উপজেলার আওতাধীন বেকার যুবদের দক্ষ ফ্রিল্যান্সার এবং ক্রিয়েটর হিসেবে গড়ে তোলা এবং তাদের উপযোক্ত স্বাধীন কর্মসংস্থান সৃষ্টি করা।

১৮.০৯.২০২৪
সদস্য সচিব
উপজেলা মিডিয়া এন্ড আইটি সেন্টার
কালিহাতি, টাঙ্গাইল।

সভাপতি
উপজেলা মিডিয়া এন্ড আইটি সেন্টার
কালিহাতি, টাঙ্গাইল।

৫.২.১৫। প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তিদের (প্রতিবন্ধী) জনশক্তিতে রূপান্তর করা ।

৫.২.১৬। প্রতিষ্ঠানের সার্বিক উন্নয়নের স্বার্থে যে কোন প্রকার উদ্ভাবনী ও প্রকল্প বাস্তবায়ন করা ।

**ধারা নং: ৬(ছয়)** ঃ **সদস্য পদের শ্রেণী বিভাগঃ-**

প্রতিষ্ঠানে সর্বমোট চার(৪) প্রকারের সদস্য পদ থাকবে ।

৬.১। প্রতিষ্ঠাতা সদস্য ।
৬.২। সাধারণ সদস্য ।
৬.৩। দাতা সদস্য ।
৬.৪। আজীবন সদস্য ।

**ধারা নং: ৭(সাত)** ঃ **সদস্য ভূক্তির বিধানঃ-**

**৭.১। প্রতিষ্ঠাতা সদস্যঃ-**

এই প্রতিষ্ঠান প্রতিষ্ঠার ক্ষেত্রে যাদের অবদান সর্বজন স্বীকৃত এবং বাস্তবায়নে বিশেষ ভূমিকা রয়েছে এরূপ ব্যক্তি প্রতিষ্ঠাতা সদস্য পদ লাভের যোগ্য হবে, উল্লেখ্য যে, প্রতিষ্ঠানের স্বার্থে যে কোন প্রকার সিদ্ধান্তে অগ্রাধিকার প্রদান করা হবে ।

**৭.২। সাধারণ সদস্যঃ-**

প্রতিষ্ঠানের কার্য এলাকাধীন উপজেলার সকল দপ্তরের সরকারি কর্মকর্তা-কর্মচারী ও নিজেরা শিখি (নিশি) এর সদস্যগণ সাধারণ সদস্য হবেন । প্রতিষ্ঠানের নির্ধারিত ভর্তি ফরমে আবেদন এবং সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সাধারণ সদস্য পদ লাভ করতে পারবেন ।

**৭.৩। দাতা সদস্যঃ-**

প্রতিষ্ঠানের উন্নতি অগ্রগতি ও কালিহাতির বেকারদের দক্ষতা উন্নয়নে এবং কর্মসংস্থানের জন্য এককালীন বা একাধিকবার দান করলে তাদের দাতা সদস্য হিসেবে গণ্য করা হবে।

**৭.৪। আজীবন সদস্যঃ-**

যদি কোন ব্যক্তি উক্ত প্রতিষ্ঠানে আজীবন সদস্য পদ লাভের উদ্দেশ্যে এককালীন ৩০,০০০/-(ত্রিশ হাজার) টাকা তদূর্ধ্ব কিংবা সমপরিমাণ মূল্যের সম্পদ অথবা সম্পত্তি দান করেন তবে তিনি এই প্রতিষ্ঠানের আজীবন দাতা হিসেবে বিবেচিত হবেন। আজীবন সদস্যদের নাম অনার বোর্ডে সংরক্ষণ করা হবে।

১৪.০৯.২০২৪
সদস্য সচিব
উপজেলা মিডিয়া এন্ড আইটি সেন্টার
কালিহাতি, টাঙ্গাইল।

সভাপতি
উপজেলা মিডিয়া এন্ড আইটি সেন্টার
কালিহাতি, টাঙ্গাইল।

**ধারা নং: ৮(আট)** ঃ **সদস্য পদ বাতিলের বিধানঃ-**

৮.১। একাধিক্রমে ৩(তিন)টি সভায় অনুপস্থিত থাকলে ।
৮.২। প্রতিষ্ঠানের নীতিমালা ও স্বার্থের পরিপন্থী কোন কাজ করলে বা জড়িত হলে ।
৮.৩। কোন প্রকার অনিয়ম ও দুর্নীতি প্রমাণিত হলে ।
৮.৫। আদালত কর্তৃক দোষী সাব্যস্ত হলে ।
৮.৬। কারো মৃত্যু হলে, মস্তিষ্ক বিকৃতি ঘটলে বা উন্মাদ হলে ।

**ধারা নং: ৯(নয়)** ঃ **সদস্যপদ পুনর্বহালঃ-**

কোন সদস্যকে হারানো সদস্যপদ পুনরায় ফিরে পেতে হলে যথাযথভাবে দোষ স্বীকার করে সভাপতি বরাবর আবেদন করতে হবে । পরিচালনা পরিষদের সিদ্ধান্তক্রমে সদস্যপদ পুনরায় প্রদান করা যাবে । তবে উক্ত সদস্যকে অবশ্যই অঙ্গীকারনামা প্রদান করতে হবে ।

**ধারা নং: ১০(দশ)** ঃ **সদস্যগণের অধিকারঃ-**

১০.১। প্রতিষ্ঠানের নীতিমালা এবং গৃহীত কার্যক্রম সম্পর্কে সম্যক অবহিত থাকবেন ।
১০.২। প্রত্যেক সদস্যরই নিজস্ব মতাধিকার সংরক্ষিত থাকবে ।
১০.৩। কারো সুযোগ-সুবিধাদি হস্তান্তরযোগ্য হবে না ।
১০.৪। বাজেট, বার্ষিক কর্মপরিকল্পনা ইত্যাদি অনুমোদন করবেন ।
১০.৫। প্রতিষ্ঠানের আয় ও ব্যয়ের অনুমোদন করতে পারবেন ।
১০.৬। সভাপতির নির্দেশক্রমে যে কোন সদস্য যে কোন দায়িত্ব পালনে বাধ্য থাকিবেন ।

**ধারা নং: ১১(এগারো)** ঃ **সাংগঠনিক কাঠামোঃ-**

১১.১। সাধারণ পরিষদ ।
১১.২। কার্যকরী পরিষদ ।
১১.৩। উপদেষ্টা পরিষদ ।

**১১.১.১। সাধারণ পরিষদঃ-**

আজীবন ও দাতা এবং উপদেষ্টা সদস্য বাদে সকল সদস্য সাধারণ পরিষদ হিসেবে গণ্য হবেন।

18.09.2024
সদস্য সচিব
উপজেলা মিডিয়া এন্ড আইটি সেন্টার
কালিহাতি, টাঙ্গাইল।

সভাপতি
উপজেলা মিডিয়া এন্ড আইটি সেন্টার
কালিহাতি, টাঙ্গাইল।

**১১.২.১। কার্যকরী পরিষদঃ-**

পৃষ্ঠপোষক সদস্যদের জন্য প্রতিষ্ঠানের সার্বিকভাবে পৃষ্ঠপোষকতা, সাহায্য- সহযোগিতা প্রদান করতে আগ্রহী ও সমর্থবান হতে হবে এবং প্রতিষ্ঠানের যাবতীয় কার্যক্রম পরিচালনার সকল দায়-দায়িত্ব গ্রহণ করতে হবে । উল্লেখ্য যে, উপজেলা প্রশাসন কালিহাতি, টাঙ্গাইল-এর উদ্ভাবনী প্রতিষ্ঠান হিসেবে সরকারি কার্যকরী পরিষদের বিধানকে অনুসরণ এবং সাধারণ পরিষদ হতে কার্যকরী পরিষদ গঠিত হবে । সভাপতি মহোদয়ের অনুমোদন সাপেক্ষে কার্যকরী পরিষদের সদস্যদের সিদ্ধান্তক্রমে অত্র পরিষদ যেকোনো সময় ভেঙে তা পুনর্গঠন করা যাবে এবং সরকারি কর্মকর্তা ও কর্মচারীদের বদলিজনিত কারণে যেকোনো সময় অত্র পরিষদের সদস্য পদ পরিবর্তন করা যাবে।

**১১.২.১। উপদেষ্টা পরিষদঃ-**

প্রতিষ্ঠানের প্রণীত ও গৃহীত লক্ষ্য এবং উদ্দেশ্যবলী বাস্তবায়নে যাদের পরামর্শ ও অবদান সর্বজন গ্রাহ্য এবং উপদেশক্রমে প্রতিষ্ঠানের সার্বিক উন্নতি সাধিত হবে এমন ব্যক্তিকে উপদেষ্টা সদস্যপদ প্রদান করা যাবে। উল্লেখ্য যে, স্থানীয় সংসদ সদস্য, উপজেলা চেয়ারম্যান উক্ত পদে সংরক্ষিত থাকবে । উপদেষ্টাদের সমন্বয়ে গঠিত হবে উপদেষ্টা পরিষদ ।

**ধারা নংঃ ১২(বারো)** ঃ **কার্যকরী পরিষদের অবকাঠামোঃ-**

এই প্রতিষ্ঠানের মোট ১১ (এগারো) সদস্যবিশিষ্ট একটি কার্যকরী পরিষদ থাকবে । যে পরিষদ উপজেলা প্রশাসন, কালিহাতি, টাঙ্গাইল- এর বিবেচনায় মনোনিত ও নির্বাচিত হবে । সভাপতি পদটি সংরক্ষিত থাকবে। উপজেলা নির্বাহী অফিসার কালিহাতি, টাঙ্গাইল পদাধিকার বলে এই প্রতিষ্ঠানের সভাপতি থাকবেন । উল্লেখ্য যে, নিজেরা শিখি (নিশি) রামপুর, কালিহাতি, টাঙ্গাইল, রেজিস্ট্রেশন নং:ট-ক০৮-৬৮/৯৬, উপজেলা মিডিয়া এন্ড আইটি সেন্টার প্রতিষ্ঠা ও বাস্তবায়নের ক্ষেত্রে বিশেষ অবদান রেখেছে বিধায়, উক্ত সংস্থার সদস্য হতে যে কোন একজন সদস্য কার্যকরী পরিষদের সদস্য পদে সংরক্ষিত থাকবে । কার্যকরী পরিষদের সিদ্ধান্তক্রমে সদস্য পদ বাড়ানো যাবে । সে বিষয়ে নীতিমালা পরিবর্তন করার প্রয়োজন নেই তবে কার্যবিবরণী থাকতে হবে।

14.09.2024
সদস্য সচিব
উপজেলা মিডিয়া এন্ড আইটি সেন্টার
কালিহাতি, টাঙ্গাইল।

সভাপতি
উপজেলা মিডিয়া এন্ড আইটি সেন্টার
কালিহাতি, টাঙ্গাইল।

অবকাঠামো হবে নিম্নরূপঃ-

| ক্রমিক নং | পদবী | পদ সংখ্যা |
|---|---|---|
| ১. | সভাপতি | ১(এক) জন |
| ২. | সহ-সভাপতি | ১(এক) জন |
| ৩. | কার্যকরী সদস্য | ৮(আট) জন |
| ৪. | সচিব সদস্য | ১(এক) জন |
| | **সর্বমোট পদসংখ্যা =** | **১১ (এগারো) জন** |

**ধারা নং: ১৩(তেরো)** ঃ **কার্যকরী পরিষদের কার্যাবলীঃ-**

১৩.১। প্রতিষ্ঠানের যাবতীয় লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়ন করবেন ।

১৩.২। সার্বিক উন্নয়ন কর্মসূচী গ্রহণ ও বাস্তবায়ন করবেন ।

১৩.৩। বাজেট প্রণয়ন, বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন, বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও অনুমোদন করবেন ।

১৩.৪। প্রতিষ্ঠানের আয়-ব্যয় সংক্রান্ত বিল ভাউচার অনুমোদন করবেন ।

১৩.৫। প্রতি ৩(তিন) মাসে অন্তত‌পক্ষে ১(এক)বার পরিষদের সভা আহবান করতে পারবেন ।

১৩.৬। প্রয়োজনে একাধিকবার সভা আহ্বান করতে পারবেন ।

১৩.৭। প্রতিষ্ঠানের স্বার্থে যেকোনো প্রকার সিদ্ধান্তে উপনীত হতে পারবেন এবং প্রয়োজনে প্রশাসনিক ক্ষমতা প্রয়োগ করতে পারবেন ।

১৩.৮। প্রতিষ্ঠানের সার্বিক কার্যক্রম পরিচালনায় সরাসরি নিযুক্ত থাকবেন ।

১৩.৯। জনস্বার্থে নতুন কর্মসূচী গ্রহণ করতে পারবেন ।

১৩.১০।প্রতিষ্ঠান সম্প্রসারণের ক্ষেত্রে সকল প্রকার সিদ্ধান্ত গ্রহণ করবেন ।

**ধারা নং: ১৪(চোদ্দ)** ঃ **পদভিত্তিক কার্যকরী পরিষদ সদস্য গনের দায়িত্বঃ-**

**১৪.১। সভাপতিঃ-**

উপজেলা নির্বাহী অফিসার, কালিহাতি, টাঙ্গাইল পদাধিকার বলে সভাপতি হবেন । তিনি প্রতিষ্ঠানের প্রধান হিসেবে দায়িত্ব পালন করবেন । তিনি প্রতিটি সভার সভাপতিত্ব করবেন, আইন-শৃঙ্খলা

13.09.2024
সদস্য সচিব
উপজেলা মিডিয়া এন্ড আইটি সেন্টার
কালিহাতি, টাঙ্গাইল।

সভাপতি
উপজেলা মিডিয়া এন্ড আইটি সেন্টার
কালিহাতি, টাঙ্গাইল।

রক্ষা, শান্তি-শৃঙ্খলা বিধান করবেন । সভাপতি প্রতিষ্ঠানের কেন্দ্রবিন্দু হিসেবে সর্বদাই বিবেচিত হবেন । তাই তিনি যেকোনো অমীমাংসিত বিষয়ে মীমাংসা কিংবা নিষ্পত্তি করতে পারবেন । প্রয়োজনে নিজস্ব কাস্টিং ভোট প্রয়োগ করে হলেও তিনি চূড়ান্ত সিদ্ধান্তে উপনীত হতে পারবেন । প্রতিষ্ঠানের অর্থনৈতিক খরচ অনুমোদন করবেন । যেকোনো কর্মসূচী, বাজেট, বার্ষিক কর্মপরিকল্পনা, বার্ষিক প্রতিবেদন অনুমোদন করবেন ।

**১৪.২। <u>সহ-সভাপতিঃ-</u>**

সভাপতির অনুমতিক্রমে তিনি অনুপস্থিতিকালীন সময়ে সাধারণ দায়িত্ব পালন করবেন । অন্য সময়ে তিনি সহায়ক শক্তি হিসেবে দায়িত্ব পালন করবেন ।

**১৪.৩। <u>কার্যকরী সদস্যঃ-</u>**

সভাপতির নির্দেশক্রমে যে কোন প্রকার সাংগঠনিক দায়িত্ব পালন করতে বাধ্য থাকবেন । উল্লেখ্য যে, প্রতিষ্ঠানের স্বার্থে তাদের পরামর্শ ও সহযোগিতা সর্বজন গ্রাহ্য হবে ।

**১৪.৪। <u>সদস্য সচিবঃ-</u>**

উক্ত পদটি প্রতিষ্ঠানের কার্যক্রম বাস্তবায়নের জন্য খুবই গুরুত্বপূর্ণ পদ । উক্ত প্রতিষ্ঠানের লক্ষ্য ও উদ্দেশ্য বলি বাস্তবায়নের জন্য নিম্নলিখিত দায়িত্ব গুলি সম্পাদন করবেন । যথাঃ-

১৪.৪.১। সভা আহবান, সিদ্ধান্ত লিখন, আয়-ব্যয় হালনাগাদ করণ ও সংরক্ষণ । কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন করবেন ।

১৪.৪.২। প্রতিটি শাখার কাজ দেখাশোনা, তদারকি এবং উপকমিটি গঠন ও পরিচালনা করবেন ।

১৪.৪.৩। হিসাব-নিকাশে সাহায্য ও সহায়তা করবেন ।

১৪.৪.৪। বাজেট প্রণয়ন, হিসাব নিরীক্ষা ইত্যাদি সম্পাদন করবেন।

১৪.৪.৫। প্রতিষ্ঠানের সরকারি ও বেসরকারি যোগাযোগ সংরক্ষণ করবেন ।

১৪.৪.৬। প্রতিটি সভার প্রতিবেদন তৈরী ও সভায় উপস্থাপন করবেন এবং চলতি কাজের সুবিধার্থে তিনি ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা পর্যন্ত খরচ করতে পারবেন ।

১৪.৪.৭। প্রতিষ্ঠানের পক্ষে যে কোন প্রকার দলিল সম্পাদন করতে পারবেন ।

১৪.৪.৮। প্রতিষ্ঠানের স্বার্থে সভাপতির অনুমতিক্রমে যে কোন প্রকার দাপ্তরিক ও প্রশাসনিক ক্ষমতা প্রয়োগ করতে পারবেন ।

১৪.০৭.২০২৪
সদস্য সচিব
উপজেলা মিডিয়া এন্ড আইটি সেন্টার
কালিহাতি, টাঙ্গাইল।

সভাপতি
উপজেলা মিডিয়া এন্ড আইটি সেন্টার
কালিহাতি, টাঙ্গাইল।

**ধারা নং: ১৫(পনেরো)** ঃ **সভা আহবানঃ-**

১৫.১। প্রতি ৩ (তিন) মাসে অন্ততপক্ষে ১(এক) বার এই পরিষদের সভা আহবান করতে হবে।

১৫.২। কমপক্ষে ৭(সাত) দিনের নোটিশে এই সভা আহবান করতে হবে ।

১৫.৩। জরুরী সভার ক্ষেত্রে এই সময় হবে ২৪(চব্বিশ) ঘন্টা।

**ধারা নং: ১৬(ষোল)** ঃ **নিয়োগ বিধিঃ-**

এই প্রতিষ্ঠানের লক্ষ্য ও উদ্দেশ্যবলী বাস্তবায়নের স্বার্থে যদি কোনো কর্মকর্তা কিংবা কর্মচারী নিয়োগ করার প্রয়োজনীয়তা দেখা দেয়, তবে ৫(পাঁচ) সদস্যবিশিষ্ট একটি নিয়োগ বোর্ড গঠন করতে হবে । প্রতিষ্ঠানের প্রধান উপদেষ্টা, সভাপতি, সহ-সভাপতি, সদস্য সচিব ও অন্যান্য সদস্যের সমন্বয়ে একটি নিয়োগ বোর্ড গঠন করতে হবে । নিয়োগ সংক্রান্ত সরকারি বিধানকে অগ্রাধিকার দিতে হবে, উল্লেখ্য যে, শিক্ষাগত যোগ্যতার চেয়ে কারিগরি দক্ষতার বিষয়ে বিশেষ অগ্রাধিকার প্রদান করা হবে । নিয়োগপত্র সভাপতি স্বাক্ষর করে জারী করবেন ।

**ধারা নং: ১৭(সতেরো)** ঃ **প্রকল্প ও উদ্ভাবনঃ**

প্রতিষ্ঠানের লক্ষ্য উদ্দেশ্যাবলী বাস্তবায়নের স্বার্থে যদি কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান নতুন কোন উদ্ভাবনী প্রকল্পের পরিকল্পনা গ্রহণ করেন সে ক্ষেত্রে, উক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানকে উদ্ভাবনকৃত প্রকল্পের EOI (Expression of Interest) দাখিল করতে হবে । একটি নির্দিষ্ট সময়ের মধ্যে কার্যকরী পরিষদের সভা আহবান করে EOI (Expression of Interest) পর্যালোচনা পূর্বক প্রকল্প আকারে অনুমোদন দেয়া যেতে পারে । উল্লেখ্য যে, উক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানকে অবশ্যই নির্দিষ্ট মেয়াদ ও চুক্তিভিত্তিক প্রকল্প বাস্তবায়নের অনুমোদন দেয়া যাবে । প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে EOI(Expression of Interest) দাখিলকৃত ব্যক্তি বা প্রতিষ্ঠানের কোন প্রকার দুর্নীতি, রাষ্ট্রবিরোধী এবং উপজেলা মিডিয়া এন্ড আইটি সেন্টারের স্বার্থ পরিপন্থী কোন কার্যক্রম প্রমাণিত হলে, প্রাথমিক অবস্থায় চুক্তি বাতিল হবে, প্রয়োজনে প্রকল্প বাস্তবায়নকারী ব্যক্তি বা প্রতিষ্ঠানের বিরুদ্ধে উপযুক্ত কর্তৃপক্ষ আইনি ব্যবস্থা গ্রহণ করতে পারবে ।

**ধারা নং: ১৮(আঠারো)** ঃ **আয় ও ব্যয়ঃ-**

**১৮.১। আয়ঃ-**

আইটি সেন্টারের কম্পিউটার প্রশিক্ষণে, প্রশিক্ষনার্থীদের ভর্তি ফি ও কোর্স ফি, মাসিক বেতনাদি, উপজেলা মিডিয়ার সোশ্যাল মিডিয়ার থেকে আয়, স্পন্সরশিপ, আজীবন দাতা সদস্যদের দান,

18.09.2024
সদস্য সচিব
উপজেলা মিডিয়া এন্ড আইটি সেন্টার
কালিহাতি, টাঙ্গাইল।

সভাপতি
উপজেলা মিডিয়া এন্ড আইটি সেন্টার
কালিহাতি, টাঙ্গাইল।

সুধীজনের দান, গৃহীত প্রকল্প/কর্মসূচী থেকে প্রাপ্ত অর্থ, সরকারি ও বেসরকারি দান এবং অনুদান ইত্যাদি হবে প্রতিষ্ঠানের আয়ের প্রধানতম উৎস।

**১৮.২। ব্যয়ঃ-**

প্রতিষ্ঠানের বিভিন্ন সমাজকল্যাণমূলক কর্মসূচীতে, জনস্বার্থে, সদস্যদের স্বার্থে ও কল্যাণে, কারিগরী প্রশিক্ষণ, উৎপাদন ও সামাজিক কাজে, প্রয়োজনীয় আসবাবপত্র, ফার্নিচার, যন্ত্রাংশ ক্রয়, কর্মকর্তা ও কর্মচারীর সম্মানী ও বেতনাদি, আপ্যায়ন, যাতায়াত, জ্বালানি, প্রচার-প্রচারণায় এবং ভিন্ন উপজেলায় সম্প্রসারণে এই প্রতিষ্ঠানের তহবিল ব্যয় করা হবে। এছাড়াও আরো ভিন্ন খাতে প্রতিষ্ঠানের তহবিল ব্যয় করার প্রয়োজন দেখা দিলে তা কার্যকরী পরিষদের সভার সিদ্ধান্তক্রমে ব্যয় করা যাবে । তবে সরকারি উন্নয়নমূলক কার্যক্রমে সহায়ক শক্তি হিসেবেও এই প্রতিষ্ঠানের তহবিল ব্যয় করা যাবে।

**ধারা নং: ১৯(ঊনিশ)** ঃ **আর্থিক ও অফিস ব্যবস্থাপনাঃ-**

১৯.১। প্রতিষ্ঠানের যাবতীয় নথিপত্রাদি নিজস্ব কার্যালয়ে থাকবে ।

১৯.২। প্রত্যেক সদস্যই হিসাব-নিকাশ পর্যালোচনা করতে পারবেন ।

১৯.৩। সদস্য সচিব আয়-ব্যয়ের ব্যালেন্স শীট তৈরি ও সাধারণ সভায় উপস্থাপন করতে পারবেন ।

১৯.৪। প্রতিষ্ঠানের নামে যে কোন বাণিজ্যিক ব্যাংকে সভাপতি এবং সদস্য সচিবের যৌথ স্বাক্ষরে একটি সঞ্চয়ী হিসাব খুলতে হবে এবং যৌথ স্বাক্ষরেই উক্ত হিসাব পরিচালিত হবে ।

১৯.৫। কোন খরচই অননুমোদিত রাখা যাবে না ।

১৯.৬। ২৪(চব্বিশ) ঘন্টার অধিক সময় পর্যন্ত কোনো অর্থ হাতে রাখা যাবেনা ।

১৯.৭। সংস্থার আয় ও ব্যয়ের হিসাবাদি যথারীতি হালনাগাদ করে রাখতে হবে ।

১৯.৮। জমা খরচ বহি, ক্যাশ বহি, সাধারণ রেজিস্টার ইত্যাদি হালনাগাদ করে রাখতে হবে ।

১৯.৯। সার্বিক খরচ নির্বাহ করবেন সভাপতি এবং সদস্য সচিব ।

**ধারা নং: ২০(বিশ)** ঃ **হিসাব নিরীক্ষাঃ-**

প্রতি বৎসর একবার এই প্রতিষ্ঠানের হিসাব নিরীক্ষা করতে হবে । নিরীক্ষা কার্য স্থানীয় উপজেলা হিসাবরক্ষণ অফিসার কর্তৃক সম্পাদন করতে হবে।

18.09.2024
সদস্য সচিব
উপজেলা মিডিয়া এন্ড আইটি সেন্টার
কালিহাতি, টাঙ্গাইল।

সভাপতি
উপজেলা মিডিয়া এন্ড আইটি সেন্টার
কালিহাতি, টাঙ্গাইল।

**ধারা নং: ২১(একুশ)** ঃ **ক্রয় নীতিঃ-**

যদি প্রতিষ্ঠানের প্রয়োজনে যেকোনো যন্ত্রাংশ কিংবা যেকোনো প্রকার জিনিস ক্রয় করার প্রয়োজন হয়, যদি তার মূল্য ৫,০০০(পাঁচ) হাজার টাকা কিংবা তার উপরে হয় তাহলে অবশ্যই উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তাদের সমন্বয়ে ৩(তিন) সদস্য বিশিষ্ট একটি ক্রয় কমিটি গঠন করা যাবে । উক্ত কমিটি সকল প্রকার ক্রয় সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহন করবে । ক্রয় কমিটি টেন্ডার/ কোটেশন এর মাধ্যমে যাচাই বাচাই পূর্বক মালামাল ক্রয় করবে । সেক্ষেত্রে অবশ্যই ক্রয় কমিটির চুড়ান্ত সিদ্ধান্তের কার্য বিবরণী থাকবে। উক্ত বিবরণীতে ক্রয় সংক্রান্ত পন্যের বিষয়ে বিষদ- আলাপ আলোচনা থাকবে। আলোচনান্তে পন্যের বিস্তারিত বিবরণসহ সর্বনিম্ন দাম সর্বসম্মতিক্রমে গৃহীত হবে। ক্রয় কমিটির সভাপতি সভার গৃহীভ সিদ্ধান্তের উপর ভিত্তি করে টেন্ডার/ কোটেশন অনুমোদন দিবেন। ক্রয়কৃত মালামালের বিলভাউচার অবশ্যই প্রতিষ্ঠান পরিচালনা কমিটিকে প্রেরণ করতে হবে। ৪,৯৯৯(চার হাজার নয় শত নিরানব্বই) টাকা কিংবা তার কম হয় তাহলে প্রতিষ্ঠানের সভাপতি কিংবা সদস্য সচিবের অনুমতিক্রমে ক্রয় করা যাবে।

**ধারা নং: ২২(বাইশ)** ঃ **সম্প্রসারণঃ-**

অত্র প্রতিষ্ঠানের কার্যক্রম যদি জনস্বার্থে ইতিবাচক মনে হয়, তবে প্রতিষ্ঠানের কার্যক্রম ভিন্ন উপজেলায় সম্প্রসারণ করা যেতে পারে, এমনকি জেলা ও বিভাগ পর্যায়েও সম্প্রসারণ করা যাবে । সে ক্ষেত্রে স্থানীয় সরকার কর্তৃপক্ষের অনুমোদন ও সহযোগিতা আবশ্যক। সম্প্রসারণের ক্ষেত্রে প্রতিষ্ঠানের নিজস্ব মূলধন ব্যয় করা যাবে এছাড়াও সরকারি ও বেসরকারি দান-অনুদান গ্রহণ করা যাবে। নীতিমালার পরিপ্রেক্ষিতে একটি উপ-কমিটি গঠন করতে হবে। উপ-কমিটির সকল প্রকার সিদ্ধান্ত, প্রতিষ্ঠানের মূল কার্যকরী পরিষদকে অবহিত করতে হবে, প্রয়োজনে মূল কার্যকরী পরিষদ প্রতিষ্ঠানের স্বার্থে যে কোন প্রকার সিদ্ধান্ত গ্রহণ করতে পারে।

**ধারা নং: ২৩(তেইশ)** ঃ **অনুমোদনঃ-**

নীতিমালা, কার্যকরী পরিষদ ও বার্ষিক কর্মপরিকল্পনার অনুকূলে অবশ্যই স্থানীয় উপজেলা নির্বাহী অফিসারের অনুমোদন গ্রহণ করতে হবে । অন্যথায় উহার কার্যকারিতা থাকবে না । প্রতিটি সম্প্রসারিত কর্মসূচীর অনুকূলেও অনুমোদন আবশ্যক হবে । সে বিষয়ে সম্প্রসারণ নীতিমালার প্রয়োজন হবে ।

১৪.০৩.২০২৪
সদস্য সচিব
উপজেলা মিডিয়া এন্ড আইটি সেন্টার
কালিহাতি, টাঙ্গাইল।

সভাপতি
উপজেলা মিডিয়া এন্ড আইটি সেন্টার
কালিহাতি, টাঙ্গাইল।

**ধারা নং: ২৪(চব্বিশ)** ঃ **সংশোধনীঃ-**

প্রতিষ্ঠানের নীতিমালার যে কোন ধারা, উপ-ধারা, শব্দবলী, বাক্য, কিংবা বাক্যাংশ সমূহ পরিবর্তন, পরিবর্ধন, পরিমার্জন, সংযোজন অথবা সংশোধন করার আবশ্যকতা দেখা দিলে কার্যকরী পরিষদের সভা আহ্বান করে সংশোধনী করা যাবে।

**ধারা নং: ২৫(পঁচিশ)** ঃ **বিলুপ্তিঃ-**

যদি প্রতিষ্ঠানের কার্যক্রম স্থগিত হয়ে পড়ে, প্রতিষ্ঠান নিষ্ক্রিয় হয়ে পড়ে, অথবা প্রতিষ্ঠান পরিচালনা করা আদৌ সম্ভবপর না হয়, তবে সকল পরিষদের সভা আহ্বান করে তিন-পঞ্চমাংশ সদস্যের অনুমোদনক্রমে এই প্রতিষ্ঠানের বিলুপ্তি সাধন করতে হবে। তবে বিলুপ্তির ক্ষেত্রে স্থানীয় উপজেলা নির্বাহী অফিসারের পূর্বানুমোতি অবশ্যই গ্রহণ করতে হবে । উপজেলা প্রশাসন কিংবা তার কোনো প্রতিনিধির নিকট প্রতিষ্ঠানের যাবতীয় স্থাবর ও অস্থাবর সম্পদাদি অবশ্যই হস্তান্তর করতে হবে । তাছাড়াও যদি প্রতিষ্ঠানের কার্যক্রম জনস্বার্থের কিংবা সরকারি বিধি বিধানের পরিপন্থী হয় তবে আইন অনুযায়ী প্রশাসন যে কোন প্রকার ব্যবস্থা কিংবা বিলুপ্তি ঘটাতে পারবেন, তবে সে ক্ষেত্রে অবশ্যই প্রমাণের প্রয়োজন হবে ।

এই প্রতিষ্ঠানের নীতিমালা ১৮/০৯/২০২৪ তারিখের সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয় ।

| | |
|---|---|
| 18.09.2024 | ১৮/০৯/২৪ |
| সদস্য সচিব | সভাপতি |
| উপজেলা মিডিয়া এন্ড আইটি সেন্টার | উপজেলা মিডিয়া এন্ড আইটি সেন্টার |
| কালিহাতি, টাঙ্গাইল। | কালিহাতি, টাঙ্গাইল। |